

Advertisement



৫ লক্ষ সম্মানিত বাঙালি পরিবারের মধ্যে থেকে  
খুঁজে নিন আপনার পছন্দের জীবনসঙ্গী।\*

ফ্রি-তে রেজিস্টার করতে **ক্লিক করুন**

\* শর্তাবলী প্রযোজ্য

কলো অ্যান্ডি ইভেন্টস  
**ABP Weddings!**  
আপনার পছন্দ। সফল পছন্দ।



GUARANTEED OFFERS



BUY 1  
GET 1  
FREE



GUARANTEED  
₹ 6,000  
LOYALTY  
BONUS



HIGHEST  
• CASH BACK  
• EXCHANGE  
• DISCOUNT



**KHOSLA**  
ELECTRONICS  
The Flagship Store

## আনন্দবাজার পত্রিকা অনলাইন

২২ জানুয়ারি ২০২৪

প্রথম পাতা কলকাতা পশ্চিমবঙ্গ দেশ বিদেশ সম্পাদকের পাতা খেলা বিনোদন জীবন + ধারা ভিডিয়ো

Anandabazar / West Bengal / Controversy surged in Jadavpur University around organising Lord Rama Puja

### Jadavpur University

## রাম পূজোর আয়োজন ঘিরে 'বিতর্ক' যাদবপুরে

এই অনুষ্ঠানের বিষয়টি সামনে আসার পরে পড়ুয়া এবং শিক্ষকদের একাংশ প্রতিবাদ করেছেন। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মেহমজু বসুকে তাঁরা চিঠিও দিয়েছেন।




যাদবপুর বিশ্ববিদ্যালয়। —ফাইল চিত্র।

নিজস্ব সংবাদদাতা

📍 কলকাতা 🕒 শেষ আপডেট: ২১ জানুয়ারি ২০২৪ ০৭:১০

Share:   Save: 

রামমন্দির উদ্বোধনের দিন যাদবপুর বিশ্ববিদ্যালয়ে রাম পূজা এবং অযোধ্যার অনুষ্ঠানের সরাসরি সম্প্রচার করার আয়োজন করেছেন এক দল পড়ুয়া। সেই অনুষ্ঠানের পোস্টারে অবশ্য কোনও উদ্যোক্তার নাম বা সংগঠনের নাম নেই। উদ্যোক্তা হিসেবে শুধু যাদবপুর বিশ্ববিদ্যালয়ের পড়ুয়াদের কথা বলা হয়েছে। এ-ও বলা হয়েছে যে আগামিকাল, সোমবার রাম পূজোর ব্যবস্থা হয়েছে চার নম্বর গেটের কাছে পার্কিং লটে। অযোধ্যা অনুষ্ঠান সরাসরি দেখানো হবে গান্ধী ভবনের সামনে। যদিও শনিবার বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দাবি, এমন কোনও অনুষ্ঠানের অনুমতি তাঁদের কাছ থেকে নেওয়া হয়নি।



**Top 5 Skin Exfoliation Tips & Tricks**


Recommended by @i | i



পোস্টারে নাম না থাকলেও নিজেকে উদ্যোক্তা হিসাবে দাবি করে সমাজতন্ত্র বিভাগের স্নাতক স্তরের তৃতীয় বর্ষের ছাত্র সব্যসাচী সাহার দাবি, তাঁরা ডিন অব স্টুডেন্টস রজত রায়কে জানিয়েছিলেন। যদিও রজতের দাবি, এ বিষয়ে অনুমতি দেওয়ার এজিয়ার তাঁর নেই।

এই অনুষ্ঠানের বিষয়টি সামনে আসার পরে পড়ুয়া এবং শিক্ষকদের একাংশ প্রতিবাদ করেছেন। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার স্নেহমঞ্জু বসুকে তাঁরা চিঠিও দিয়েছেন। শিক্ষক সমিতি ‘জুটা’-র পক্ষ থেকে সহ-উপাচার্য অমিতাভ দত্তকেও বিষয়টি জানানো হয়েছে। পড়ুয়া এবং শিক্ষকদের একাংশের বক্তব্য, শিক্ষা প্রতিষ্ঠানে এমন অনুষ্ঠান সমর্থনযোগ্য নয়। রেজিস্ট্রার জানান, বিষয়টি নিয়ে কী করা যায় তা দেখা হচ্ছে। সূত্রের খবর, শনিবার রাতেই এ ব্যাপারে আধিকারিকেরা বৈঠক করেছেন।

বিশ্ববিদ্যালয়ের এসএফআই নেতা সৌর্যদীপ্ত রায় বলেন, “সাম্প্রদায়িক উদ্দেশ্যকে বাস্তবায়িত করার কোনও কর্মসূচি আমরা ক্যাম্পাসে হতে দিতে পারি না।” আগামিকাল, সোমবার এসএফআই বিশ্ববিদ্যালয়ে প্রতিবাদ মিছিল করবে এবং ‘জাতীয় সংহতি ও সাম্প্রদায়িক সম্প্রীতি’ বিষয়ে আলোচনাসভারও আয়োজন করা হয়েছে। জুটার সাধারণ সম্পাদক পার্থপ্রতিম রায় বলেন, “এই প্রতিষ্ঠান প্রতিষ্ঠালগ্ন থেকেই ধর্মনিরপেক্ষ শিক্ষার আদর্শ বহন করেছে। শান্তি-সম্প্রীতি-সৌহারদের পরিবেশ বিস্তৃত করে এমন ঘটনা যাতে না ঘটে সে ব্যাপারে কর্তৃপক্ষকে পদক্ষেপের অনুরোধ করেছি।”



**10 Amazing Tips To Manage Work From Home With Kids Beautifully**

Recommended by @i | i



(সবচেয়ে আগে সব খবর, ঠিক খবর, প্রতি মুহুর্তে। ফলো করুন আমাদের [Google News](#), [X \(Twitter\)](#), [Facebook](#), [Youtube](#), [Threads](#) এবং [Instagram](#) পেজ)

[Jadavpur University](#) [Ayodhya Ram Temple](#) [Ayodhya Ram Mandir](#)

Follow us on:     Save: 

Advertisement

**বিলাসবহুল 2 এবং 3 BHK ফ্ল্যাট ₹55 লক্ষ\* থেকে**  
কলকাতায় সর্বপ্রথম আবাসিক কমপ্লেক্স - 102টি সুযোগ-সুবিধা সহ  
PS Group | Sponsored

**Payment Processing Services In Mexico Might be Cheaper Than You Think!**  
Payment Processing | Search Ads | Sponsored

**K/D up. Annoying pop-ups down. Protect your machine with cybersecurity**  
Kaspersky | Sponsored

**The 102 জোকা - 2 এবং 3 BHK ফ্ল্যাট বসবাসের জন্য প্রস্তুত**  
কলকাতায় সর্বপ্রথম আবাসিক কমপ্লেক্স - 102টি সুযোগ-সুবিধা সহ  
PS Group | Sponsored

**Healthcare Software Might Help You Streamline Operations And Enhance Your Medical Practice!**  
Healthcare Software | Search Ads | Sponsored

**Investing in Cyprus Real Estate Might Secure Your Future - Explore Options!**  
Cyprus Invest | Search Ads | Sponsored

**The Best Term Plan for all Age Groups !**  
Need Nothing More When you get Life Cover + Illness Cover + Accidental Cover!  
HDFC Life Insurance | Sponsored

Tab

আ

Sea

আ

Sea

Ge